খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab secy@cabinet.gov.bd

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-১ তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৮/০৮ সেপ্টেম্বর ২০২১

প্রিয় সহকর্মী,

গত ১৮ আগস্ট ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল উপস্থিতিতে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধানমন্ত্রী সচিবগণের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ সংক্ষেপে নিম্নরূপঃ

১. দক্ষ ও জবাবদিহিমূলক প্রশাসন গড়ে তোলার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। ভালো কাজ করলে পুরস্কার প্রদান ও অন্যায় করলে শাস্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

২. স্ব-স্ব মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন দ্রুত ও কার্যকর করার জন্য সচিবগণকে অধিকতর সজাগ ও সম্পৃক্ত হতে হবে;

৩. সরকারের সঙ্গে সম্পাদিত চুক্তির অপব্যবহার যাতে কেউ করতে না পারে সেজন্য চুক্তির শর্তাবলী বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে এবং চুক্তিতে অস্পষ্টতা পরিহারসহ নির্দিষ্ট সময় পরপর শর্তসমূহ যাচাই-বাছাইয়ের মাধ্যমে সময়োপযোগী করতে হবে;

৪. কোভিড-১৯ পরিস্থিতি সন্তোষজনক অবস্থায় উপনীত হলে স্কুল, কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান খোলার উদ্যোগ গ্রহণ করতে হবে;

৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং প্রত্যেক সরকারি বিশ্ববিদ্যালয়ের সাথে আলোচনা করে কীভাবে অনলাইন পাঠদান শুরু করা যায় তার উদ্যোগ গ্রহণ করবে;

৬. কৃষি জমির পরিমাণ সীমিত বিধায় অল্প জমিতে অধিক ফসল উৎপাদনের ব্যবস্থা করতে হবে;

৭. এলাকাভিত্তিক ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে শিল্প কারখানা প্রতিষ্ঠা করতে হবে। শিল্পায়নের কারণে যেন পরিবেশ দূষণ না হয় এবং কৃষি জমি হ্রাস না পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে;

৮. পরিবেশ ও প্রকৃতিকে রক্ষা করতে হবে। পাহাড় ও টিলা অধ্যুষিত এলাকার পরিবেশ রক্ষা এবং ভূমিধস প্রতিরোধে কার্যকর ভূমিকা পালন করতে হবে;

৯. জলবায়ু পরিবর্তন অভিঘাত মোকাবিলায় ব-দ্বীপ পরিকল্পনায় অন্তর্ভুক্ত অনেক কাজ পানি সম্পদ মন্ত্রণালয়ের করার সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে কাজগুলো বাস্তবায়ন করতে হবে;

১০. নদ-নদী, খাল, হাওড়-বাঁওড়ে খনন, নাব্যতা পুনরুদ্ধার, দখলমুক্তসহ জলজ অঞ্চল তীরবর্তী ভূমি পুনরুদ্ধার কার্যক্রম গ্রহণ করতে হবে;

১১. করোনাকালীন অর্থনীতির চাকা সচল এবং উন্নয়নের গতি বজায় রাখার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে;

১২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে পুরাতন জেলখানার পাগলা গারদের নিকটবর্তী যে সেলে রাখা হতো সেটি সংরক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)
ডাইরী নং ...
তারিখঃ ...
যুগ্মসচিব(...)
উপসচিব (প্রশাসন-১/ ২/ ৩/ ৪)
সিঃ সহঃ সচিব (প্রশা-১/ ২/ ৩/ ৪)
যুগ্মসচিব (প্রশাসন)

গোপনীয়

১৩. নবনির্মিত ফায়ার সার্ভিস স্টেশনসমূহে প্রয়োজনীয় জনবল নিয়োগ ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;

১৪. ফল প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তোলার মাধ্যমে ফসলের ন্যায্যমূল্য অর্জন এবং কর্মসংস্থান সৃষ্টি করতে হবে;

১৫. বেইলী রোডে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য নির্মিত "শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সের" স্যুভেনির শপে পার্বত্য এলাকায় উৎপাদিত পণ্যের প্রদর্শনী কেন্দ্র স্থাপন করতে হবে;

১৬. করোনা মোকাবিলায় সকলকে একযোগে আন্তরিকতার সাথে কাজ করতে হবে;

১৭. দুর্নীতি বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮. শুধু সরকারি কর্মচারী হিসাবে নয়, দেশপ্রেমিক নাগরিক ও জনগণের সেবক হিসাবে জনকল্যাণে আত্মনিয়োগে সহকর্মীদের উদ্বুদ্ধ করতে হবে;

১৯. সামরিক শাসনামলে জারিকৃত ৫১টি অধ্যাদেশ ২২টি মন্ত্রণালয়/বিভাগে অদ্যাবধি অনিষ্পন্ন রয়েছে যা আগামী ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে জরুরি ভিত্তিতে কার্যকর উদ্যোগ গ্রহণপূর্বক নিষ্পত্তি করতে হবে;

২০. আগামীতে নিয়মিত সচিব-সভা আয়োজন করাসহ প্রয়োজনে একাধিক দিনব্যাপী সচিব-সভা আয়োজন করা যেতে পারে।

০২। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে আপনার মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনীয় উদ্যোগ নিয়ে সে সম্পর্কে আমাকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

(খন্দকার আনোয়ারুল ইসলাম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০১.২১-১১৪৭ তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ
১৩ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

২৮/০৯/২০২১

(আনজুমান আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯- ২১১৪ (৫০০)

তারিখঃ ১৯/০৬/১৪২৮ বঙ্গাব্দ।
০৪/১০/২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), --------------- বিভাগ, ------------------------------- (সকল)
০৬. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল, ---------------------------------------------- (সকল)
০৭. পরিচালক, বিশেষায়িত হাসপাতাল, ---------------------------------------------------- (সকল)
০৮. পরিচালক, (সকল) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৯. সিভিল সার্জন, --------------------------------------------------------------------- (সকল)
১০. তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, -------------------------- (সকল)
১১. সহকারী পরিচালক,জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, ---------------------- (সকল)
১২ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ---------------------------------------- (সকল)
১৩. সহকারী পরিচালক(নার্সিং), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)এর কার্যালয়, ----- বিভাগ,-------(সকল)
১৪. উপপরিচালক (পিএমআইএস), অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।
১৫. সহকারী প্রোগ্রামার,নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৬. অধ্যক্ষ, নার্সিং ইনস্টিটিউট/ নার্সিং কলেজ --------------------------------------------(সকল)
১৭. নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনষ্টিটিউট, ------------------------------------------ (সকল)
১৮. জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস,-------------------------------------- (সকল)
১৯. সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক, ----------------------------------------------(সকল)
২০. কো-অর্ডিনেটর, ---------------------------------------------------------------------- (সকল)
২১. নার্সিং সুপারভাইজার, --------------------------------------------------------------- (সকল)
২২. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২৩. জনাব ---------------------------------------------------------------

৪/১০/২১

মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন)
ই-মেইলঃinfo@dgnm.gov.bd

MOSTAFA -18 (Admin File)